



ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২১



মনোনয়নপত্র গ্রহণকারীদের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী

০১. আগ্রহী প্রার্থীকে মনোনয়নপত্র সংগ্রহের সময় ভোটার তালিকার ইলেকট্রনিক কপি =৫০০/= টাকা চালান বা পে-অর্ডারে জমাদান সাপেক্ষে সরবরাহ করা হবে। ভোটার তালিকার সিডি ক্রয়ের অর্থ ট্রেজারী চালানে জমাদানের কোড ০১-০৬০১-০০০১-২৬৩১।
০২. যথাযথভাবে পূরণকৃত মনোনয়নপত্রের সাথে ফরম-৮ নির্বাচনী ব্যয়ের বিবরণী দাখিল করতে হবে। নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর ব্যয়ের সীমা নিম্নরূপ
- ক) চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর নির্বাচনী ব্যয় ৫০০০০০/= টাকা
- খ) চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর ব্যক্তিগত ব্যয় ১০০০০০/= টাকা
- গ) সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর নির্বাচনী ব্যয় ১০০০০০/= টাকা
- ঘ) সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর ব্যক্তিগত ব্যয় ১০০০০/=
- নির্বাচনের ফলাফল প্রকাশের পর ৩০ দিনের মধ্যে শুধুমাত্র চেয়ারম্যান প্রার্থীদের ব্যয়ের রিটার্ন (ব্যাংক স্টেটমেন্ট সহ) দাখিল করতে হবে
০৩. প্রার্থী জামানতের টাকা রিটার্নিং অফিসার বরাবর নিম্নলিখিত হারে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফটের মাধ্যমে যে কোন তফসিলী ব্যাংকে জমা দিবেন

পদের নাম	জামানতের টাকার পরিমাণ	চালান কোড
চেয়ারম্যান	৫০০০/=	৬/০৬০১/০০০১/৮৪৭৩
সংরক্ষিত ওয়ার্ডের সদস্য	১০০০/=	
সাধারণ ওয়ার্ডের সদস্য	১০০০/=	

জামানতের টাকা জমাদানের মূল ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মূল কপি মনোনয়নপত্রের সাথে দাখিল করতে হবে।

০৪. ভোটার তালিকার সিডি ক্রয়ের রশিদের ফটোকপি মনোনয়নপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
০৫. আয়করদাতা হয়ে থাকলে ২০২০-২০২১ অর্থবছরের আয়কর পরিশোধের রশিদ, আয়কর প্রত্যয়ণ, আয়কর রিটার্ন সম্পদ বিবরণীসহ সংযুক্ত করতে হবে।
০৬. শুধুমাত্র চেয়ারম্যান পদের ক্ষেত্রে রাজনৈতিক দলের মনোনিত প্রার্থী হলে রাজনৈতিক দলের দলীয় মনোনয়ন দাখিল করতে হবে।
০৭. প্রার্থীর, প্রস্তাবকারীর, সমর্থনকারীর জাতীয় পরিচয় পত্রের কপি ও ভোটার তালিকায় অন্তর্ভুক্তির পাতা সংযুক্ত করতে হবে।
০৮. প্রার্থীর সদ্য তোলা ০৩ কপি রশ্মিন পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
০৯. চেয়ারম্যান প্রার্থীর ক্ষেত্রে নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য যেকোন তফসিলী ব্যাংকে নতুন ব্যাংক এ্যাকাউন্ট খুলতে হবে (তফসিলী ঘোষণার পরের তারিখে)।
১০. প্রার্থীর নিজ নাম, পিতা-মাতার নাম ও বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর নাম বাংলা ও ইংরেজী Capital letter এ লিখে আলাদা সাদা কাগজে দাখিল করতে হবে।

বিবরণ	বাংলা	ইংবেজী
প্রার্থীর নাম		
পিতার নাম		
মাতার নাম		
স্বামীর নাম (বিবাহিত মহিলার ক্ষেত্রে)		

মনোনয়নপত্র দাখিলের সময় মূল মনোনয়ন ফরমের সাথে অতিরিক্ত দুই কপি A4 কাগজে ফটোকপি দাখিল করতে হবে।